

আমার সকল দুখের প্রদীপ জ্বলে দিবস গেলে করব নিবেদন—
 আমার ব্যথার পূজা হয় নি সমাপন ॥
 যখন বেলা-শেষের ছায়ায় পাখিরা যায় আপন কুলায়-মাঝে,
 সন্ধ্যাপূজার ঘণ্টা যখন বাজে,
 তখন আপন শেষ শিখাটি জ্বালবে এ জীবন—
 আমার ব্যথার পূজা হবে সমাপন ॥
 অনেক দিনের অনেক কথা, ব্যাকুলতা, বাঁধা বেদন-ডোরে,
 মনের মাঝে উঠেছে আজ ভ'রে ।
 যখন পূজার হোমানলে উঠবে জ্বলে একে একে তারা,
 আকাশ-পানে ছুটবে বাঁধন-হারা,
 অস্তরবির ছবির সাথে মিলবে আয়োজন—
 আমার ব্যথার পূজা হবে সমাপন ॥

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Mishra-Bhimpalasi
 Visit www.geetabitan.com for notation and other detail